অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/9/2021 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেটের জরুরি অবস্থা নিয়ন্ত্রণ বিষয়ক স্বীকৃতি অর্জন করায় চেমুং কাউন্টিকে গভর্নর হোকলের অভিনন্দন জ্ঞাপন

স্বীকৃতি অর্জনকারী তেরটি জরুরি অবস্থা নিয়ন্ত্রণ সংস্থার মধ্যে চেমুং কাউন্টির অফিস অব ফায়ার এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Fire and Emergency Management) অন্যতম

নিউ ইয়র্ক স্টেটের স্থানীয় জরুরি অবস্থা নিয়ন্ত্রণ বিষয়ক স্বীকৃতি কর্মসূচি দেশের মধ্যে এধরনের প্রথম কর্মসূচি

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে চেমুং কাউন্টির অফিস অব ফায়ার এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট নিউ ইয়র্কের স্থানীয় জরুরি অবস্থা নিয়ন্ত্রণ বিষয়ক স্বীকৃতি প্রদান কর্মসূচির মাধ্যমে স্বীকৃতি অর্জন করেছে। এই স্বীকৃতি অর্জনের মাধ্যমে চেমুং কাউন্টি অন্য 13টি জরুরি অবস্থা নিয়ন্ত্রণ সংস্থার সাথে যোগ দিয়েছে। এই আনুষ্ঠানিক স্বীকৃতি অর্জনের মাধ্যমে চেমুং কাউন্টি এখন আলবানি, ব্রুম, এরি, লিভিংস্টন, ম্যাডিসন, মন্টগোমেরি, নাসাউ, ওনেইডা, সারাটোগা, ওয়াশিংটন, ও ওয়েইন কাউন্টি, এবং সেইসাথে নিউ ইয়র্ক সিটির সাথে যোগ দিচ্ছে

"চরম বিরূপ আবহাওয়ার একটির পরে আরেকটি উদাহরণের সম্মুখীন হওয়ার এই সময়ে আমাদের স্টেটের স্থিতিশীলতার জন্য স্থানীয় পর্যায়ে জরুরি অবস্থা নিয়ন্ত্রণ কতটা জরুরি সে বিষয়টি সুস্পষ্ট, এবং চেমুং কাউন্টির এই স্বীকৃতি অর্জন এমন একটি পদক্ষেপ যা আমাদের সবগুলো কাউন্টিরই গ্রহণ করা উচিত," **বলেছেন গভর্নর হোকল।** "আমি চেমুং কাউন্টিকে অভিনন্দন জানাই এবং নিউ ইয়র্ক স্টেটের আরো বেশি কাউন্টিকে জরুরি অবস্থার জন্য তাদের প্রস্তুতির সামগ্রিক কার্যকারিতা মূল্যায়ন ও সম্প্রসারণের জন্য স্বীকৃতি অর্জনের প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে উৎসাহিত করছি, যা নিউ ইয়র্কবাসীদের বিভিন্ন ধরনের জরুরি অবস্থা মোকাবেলার জন্য প্রস্তুত থাকার বিষয়টি নিশ্চিত করবে।"

নিউ ইয়র্কের স্থানীয় জরুরি অবস্থা নিয়ন্ত্রণ বিষয়ক স্বীকৃতি কর্মসূচি স্থানীয় জরুরি অবস্থা নিয়ন্ত্রণ সংস্থাগুলোর জন্য স্টেট পর্যায়ে দেশের প্রথম স্বীকৃতি। নিউ ইয়র্ক স্টেটের ইমার্জেন্সি ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন (Emergency Management Association)-এর সাথে অংশীদারিত্বের ভিত্তিতে প্রণয়ন করা এই স্বীকৃতি প্রদানের কর্মসূচি নিউ ইয়র্ক স্টেটের স্থানীয়

জরুরি অবস্থা নিয়ন্ত্রণ সংস্থাগুলোর উপর আলোকপাত করে এবং সেগুলো সম্পর্কে প্রচারণা চালায়।

স্বীকৃতি অর্জনের জন্য কোনো অঞ্চলকে অবশ্যই বেশ কিছু ধারাবাহিক মানদণ্ড এবং জরুরি অবস্থা নিয়ন্ত্রণের একটি সমন্বিত ও একীভূত পদ্ধতির প্রসার ঘটানো সেরা প্রচলনগুলো পূরণ করতে হবে। এছাড়াও কাউন্টিগুলোকে অবশ্যই সরকারি ও বেসরকারি অংশীদারদের সহ, "সমগ্র কাউন্টির" স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করতে হবে, এবং কোনো জরুরি অবস্থা বা দুর্যোগের সময় যাদের প্রতি সুনির্দিষ্টভাবে মনোযোগ দেয়া আবশ্যক হতে পারে এমন ব্যক্তিদের, যেমন গৃহহীন, বয়স্ক, বা প্রতিবন্ধী ব্যক্তিদের কথা বিবেচনা করতে হবে।

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES) এই কর্মসূচির প্রশাসনিক কর্তৃপক্ষ, স্থানীয় জরুরি অবস্থা নিয়ন্ত্রণ বিষয়ক স্বীকৃতি প্রদানের কাউন্সিল (Local Emergency Management Accreditation Council)-এর পক্ষে এই কর্মসূচি পরিচালনা করে থাকে। স্বীকৃতির মেয়াদ পাঁচ বছর, যেখানে পাঁচ বছর মেয়াদকাল শেষে পুনরায় স্বীকৃতি অর্জনের সুযোগ থাকবে।

স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার টেরেন্স জে. ও'লিয়েরি বলেন "আমি চেমুং কাউন্টির অফিস অব ফায়ার এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট টিমকে স্বীকৃতি অর্জনের জন্য অভিনন্দন জানাই, যে স্বীকৃতি তাদেরকে স্টেটব্যাপী কিছু বাছাইকৃত টিমের গ্রুপের অংশে পরিণত করেছে যারা যেকোনো ধরনের জরুরি অবস্থা মোকাবেলা করে আমাদের সঙ্গী নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে তাদের সক্ষমতা প্রদর্শন করেছেন। এই স্বীকৃতি অর্জন কোনো সহজ কাজ নয়। এর মাধ্যমে এটাই দেখা যায় যে চেমুং কাউন্টি তার কর্মীদেরকে বর্তমান সময়ের চ্যালেঞ্জিং জরুরি পরিস্থিতিগুলো মোকাবেলার জন্য আরো ভালো একটি অবস্থানে রাখবে এমন মানদণ্ড ও সেরা প্রচলনগুলো বাস্তবায়ন করেছে।"

চেমুং কাউন্টির অফিস অব ফায়ার এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট যেকোনো জরুরি অবস্থা বা দুর্যোগের সময় কাউন্টির সঙ্গে সংযোগ রক্ষাকারীর ভূমিকা পালন করে। কর্মীরা প্রথম সাড়াদানকারী ও জরুরি পরিষেবা কর্মীদের জন্য প্রশিক্ষণ প্রদানকারীর ভূমিকা পালন করেন, এবং কোনো জরুরি অবস্থার সময় মিউনিসিপ্যালিটি ও তাদের বাসিন্দাদের জন্য জরুরি পরিস্থিতিতে সাড়াদান সংক্রান্ত তথ্য প্রদান করে। এই কর্মীরা দুর্যোগগুলো এবং সেগুলোর কারণে হওয়া ক্ষয়ক্ষতির জন্য প্রস্তুতি, প্রতিরোধ, সাড়াদান, প্রশমন ও পুনরুদ্ধার সহ জরুরি অবস্থার পরিকল্পনার সম্পূর্ণ চক্রের জন্য দায়িত্বশীল থাকেন।

এছাড়াও দপ্তরটি জরুরি অবস্থার প্রস্তুতি ও সাড়াদানে সহায়তা করতে বিভিন্ন ফেডারেল ও স্টেট পর্যায়ের অনুদান বরাদ্দ দেয়। সেইসাথে, এই অফিস দেশের সীমানার মধ্যে অবস্থিত সব ফায়ার ডিপার্টমেন্টের সংগঠন ও প্রশিক্ষণের জন্য দায়িত্বশীল কাউন্টির ফায়ার কো-অর্ডিনেটরের অফিস (Fire Coordinator's Office) হিসেবে; 911 জরুরি যোগাযোগ কেন্দ্রের প্রশাসন হিসেবে; স্থানীয় জরুরি অবস্থা সম্পর্কিত পরিকল্পনা কমিটির (Local Emergency Planning Committee, EPC) সমন্বয়কারী দপ্তর হিসেবে; এবং কাউন্টির সব কর্মচারী ও কাউন্টি ফ্যাসিলিটিগুলোর সব

দর্শনার্থীদের অকুপেশনাল স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য দায়িত্বশীল নিরাপত্তা সমন্বয়কারী দপ্তর হিসেবে দায়িত্ব পালন করে থাকে।

নিউ ইয়র্ক স্টেট ইমার্জেন্সি ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ও ক্যাটারাগাস কাউন্টি ইমার্জেন্সি ম্যানেজমেন্ট ডিরেক্টর ক্রিস বেকার বলেন, "আমরা এই কর্মসূচি নিয়ে এবং DHSES-এর সাথে চলমান অংশীদারিত্ব নিয়ে অত্যন্ত গর্বিত। কাউন্টির জরুরি অবস্থা নিয়ন্ত্রণকারী সংস্থাগুলো যাতে প্রস্তুত থাকে এবং তাদের অর্জনের জন্য স্বীকৃতি লাভ করে তা নিশ্চিত করতে আমরা একসঙ্গে কাজ করছি।"

চেমুং কাউন্টির এক্সিকিউটিভ ক্রিস মস বলেন, "মিউনিসিপ্যালিটিগুলোর জরুরি অবস্থাজনিত বিভিন্ন সমস্যা মোকাবেলার ক্ষেত্রে ইমার্জেন্সি ম্যানেজমেন্ট সবসময় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এসেছে এবং ভবিষ্যতেও পালন করতে থাকবে। এটিকে সম্ভব করে তোলা একাধিক ব্যক্তিকে নিয়ে চেমুং কাউন্টির বাসিন্দাদের অত্যন্ত গর্ব বোধ করা উচিত, ডেপুটি কাউন্টি এক্সিকিউটিভ হিসেবে আমি তাদেরকে তাদের প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাই। এই মর্যাদা অর্জনকারী 13টি কাউন্টির মধ্যে একটি হিসেবে অন্তর্ভুক্ত হওয়া আমাদের জরুরি অবস্থা নিয়ন্ত্রণ প্রচেষ্টার জন্য দায়িত্বশীল মহিলা ও পুরুষদের কঠোর পরিশ্রমের সাক্ষ্য বহন করে।"

চেমুং কাউন্টির ডিরেক্টর অব সিভিল ডিফেন্স ভিনসেন্ট অ্যাজারেলি বলেন, "এই চ্যালেঞ্জ পূরণকারী দলের অংশ হতে পারা একটি সম্মানের ব্যাপার। কাউন্টি এক্সিকিউটিভ ও DHSES-এর সহায়তা আমাদের সাফল্যে বড় ধরনের অবদান রেখেছে। এটি এই কমিউনিটি ও এর বাসিন্দাদের সুরক্ষিত রাখার প্রধান লক্ষ্যের প্রতি ইমার্জেন্সি ম্যানেজমেন্ট-এর সাড়াদান উন্নত করবে।"

স্বীকৃতি অর্জনে আগ্রহী স্থানীয় ইমার্জেন্সি ম্যানেজমেন্ট অফিসগুলোর উচিত স্বীকৃতি অর্জনের মানদণ্ড পূরণের জন্য প্রয়োজনীয় নীতিমালা, পরিকল্পনা, ও ডকুমেন্টগুলো একত্রিত ও উন্নয়ন করা। প্রয়োজনীয় কাগজপত্র NY রেসপন্ডস ওয়েব পোর্টালে শেয়ার বা আপলোড করা হবে এবং অনসাইট পর্যালোচনাতে উপাদানগুলো অগ্রিম পর্যালোচনা করা হবে। ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস এবং নিউ ইয়র্ক স্টেটের ইমার্জেন্সি ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন প্রস্তুতি পর্যায় চলাকালীন সময়ে প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে, এবং অনুরোধকৃত সব উপাদান সংগ্রহ করা হয়ে গেলে, ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস পর্যালোচনা সম্পন্ন করতে কমপক্ষে দুইজন অভিজ্ঞতাসম্পন্ন মূল্যায়নকারীকে নিয়ে একটি টিম নির্বাচন করবে।

এই পর্যালোচনায় যেকোনো অপরিহার্য পরিকল্পনা ও কাগজপত্রের অধিকতর নিরীক্ষণ, এবং প্রয়োজনীয় ক্ষেত্রে, ইমার্জেন্সি ম্যানেজার, স্টাফ, ও অন্যান্যদের সাথে সাক্ষাতকার অন্তর্ভুক্ত থাকবে। প্রতিটি মানদণ্ড ও সংশ্লিষ্ট শর্ত কিভাবে পূরণ হয়েছে তা প্রদর্শন, নথিভুক্ত, ও সুস্পষ্টভাবে উল্লেখ করা ইমার্জেন্সি ম্যানেজমেন্ট অফিসের গুরুদায়িত্ব। সনদ অর্জনে আগ্রহী স্থানীয় ইমার্জেন্সি ম্যানেজমেন্ট অফিসগুলোর উচিত আবেদন ফরমটি পূরণ করে ডিভিশন

অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর কাছে EMaccreditation@dhses.ny.gov ঠিকানায় সেটা জমা দেয়া।

নিউ ইয়র্ক স্টেটের স্থানীয় জরুরি অবস্থা নিয়ন্ত্রণ বিষয়ক স্বীকৃতি কর্মসূচি সম্পর্কে আরো তথ্য - যেমন কর্মসূচি সম্পর্কিত নির্দেশনা, উপযুক্ততা, ও মানদণ্ডসমূহ ইত্যাদি - এখানে পাওয়া যাবে।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে

দ্য নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সন্ত্রাসবাদ এবং অন্যান্য মানবসৃষ্ট এবং প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিকান্ড ও অন্যান্য জরুরী অবস্থা প্রতিরোধ, এগুলোর বিরুদ্ধে সুরক্ষা, এগুলোর প্রতি সাড়া প্রদান করা, এগুলো থেকে নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য DHSES ফেসবুক পেইজ পরিদর্শন করুন, টুইটারে @NYSDHSES এ বা ইন্সটাগ্রামে অনুসরণ করুন অথবা dhses.ny.gov পরিদর্শন করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418